সিনিয়র সিস্টেম এনালিস্ট
◇ সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
◇ প্রোগ্রামার
◇ সহকারী প্রোগ্রামার
◇ স:মে:ই-১/স:মে:ই-২
◇ নথি
ডাইরি নং.................
তারিখঃ ১২/০২/২০২০
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনএএস শাখা
www.rthd.gov.bd

## বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) এর সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ নজরুল ইসলাম<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষ |
| তারিখ | : | ২৯.০১.২০২০ খ্রিষ্টাব্দ |
| সময় | : | বেলা ০৩.০০ মিনিট |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (বাজেট) অবহিত করেন যে, এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর অর্ধ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) কর্তৃক অনুমোদন পূর্বক ৩০ জানুয়ারি ২০২০ তারিখের মধ্যে এপিএএমএস সফটওয়্যারে আপলোড করার বাধ্যবাধকতা রয়েছে। এ পর্যায়ে উপসচিব (ডিএফডিপি) ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর অর্ধ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন (নিজস্ব কৌশলগত উদ্দেশ্য অংশ ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য অংশ) সভায় উপস্থাপন করেন।

২. সভায় APA'র প্রতিটি কর্মসম্পাদন সূচকের (PI) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। যে সমস্ত কর্মসম্পাদন সূচকের জুলাই-ডিসেম্বর'২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক নয়, সে সমস্ত সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে কর্মকৌশল নির্ধারণ করতঃ নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | কর্মসম্পাদন সূচক ও লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি/অর্জিত না হওয়ার কারণ | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|---|
| ২.১ | [১.১.৭] সাপোর্ট টু ঢাকা (কাঁচপুর)- সিলেট- তামাবিল মহাসড়ক চার লেনে উন্নীতকরণ এবং উভয় পার্শ্বে পৃথক সার্ভিস লেন নির্মাণ প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণকৃত<br><br>লক্ষ্যমাত্রা- ৫০ হেক্টর<br>অর্জন- ০০ হেক্টর | প্রধান প্রকৌশলী জানান যে বিভিন্ন জটিলতায় ভূমি অধিগ্রহণের লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। তবে জুন'২০২০ এর মধ্যে প্রকল্পের আওতায় ৫০ হেক্টর ভূমি অধিগ্রহণ করা সম্ভব হবে। | **২.১.১ সিদ্ধান্ত**<br>জুন'২০২০ এর মধ্যে APA'র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের আওতায় ৫০ হেক্টর ভূমি অধিগ্রহণ নিশ্চিত করতে হবে।<br><br>**২.১.২ সিদ্ধান্ত**<br>এ বিভাগের মনিটরিং টিমসমূহ কর্তৃক সড়ক বিভাগসমূহ পরিদর্শনকালে ভূমি অধিগ্রহণসংক্রান্ত জটিলতা নিরসনে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের সাথে সভা বা আলোচনা করবেন। এছাড়াও অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও অতিরিক্ত সচিব (বাজেট) সরজমিন গমনপূর্বক সংশ্লিষ্টদের নিয়ে সভা করে ভূমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করবেন। |

| | | | |
|---|---|---|---|
| | | | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:<br>(ক) সওজ অধিদপ্তর<br>(খ) এ বিভাগের মনিটরিং টিমসমূহের প্রধানগণ<br>(গ) অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও অতিরিক্ত সচিব (বাজেট) |
| ২.২ | [১.৫.১] সার্ফেসিংকৃত মহাসড়ক<br>লক্ষ্যমাত্রা- ২৮৮৭.০০ কিলোমিটার<br>অর্জন- ১০৪০.৯২ কিলোমিটার | প্রধান প্রকৌশলী জানান যে সার্ফেসিং কাজ অর্থ বছরের প্রথম ও দ্বিতীয় ভাগে সাধারণত কম হয়। তিনি আরও জানান জুন'২০২০ এর মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করা করা সম্ভব হবে। | **২.২.১ সিদ্ধান্ত**<br>জুন'২০২০ এর মধ্যে APA'র লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৮৮৭ কিলোমিটার মহাসড়ক সার্ফেসিং এর কাজ নিশ্চিত করতে হবে।<br>**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** সওজ অধিদপ্তর |
| ২.৩ | [১.৭.২] বাস্তবায়িত পায়রা সেতু প্রকল্প<br>লক্ষ্যমাত্রা- ৮০ শতাংশ (ক্রমপুঞ্জিভূত)<br>অর্জন- ৫০.১২ শতাংশ (ক্রমপুঞ্জিভূত) | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ) জানান যে ভূমি অধিগ্রহণ সংক্রান্ত জটিলতার কারনে লক্ষ্যমাত্রা কম অর্জিত হয়েছে। তিনি আরও জানান যে জুন'২০২০ এর মধ্যে মূল সেতুর কাজ ৯০ শতাংশ সম্পন্ন করা সম্ভব হবে। | **২.৩.১ সিদ্ধান্ত**<br>জুন'২০২০ এর মধ্যে APA'র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের ৮০ শতাংশ কাজ সম্পন্ন করতে হবে।<br>**২.৩.২ সিদ্ধান্ত**<br>সংশ্লিষ্ট সড়ক বিভাগের জন্য এ বিভাগের মনিটরিং টিম প্রধান-কে ভূমি অধিগ্রহণসংক্রান্ত জটিলতা নিরসনে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে সভা বা আলোচনা করবেন।<br>**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:**<br>(ক) সওজ অধিদপ্তর<br>(খ) এ বিভাগের মনিটরিং টিম-১৬ এর প্রধান |
| ২.৪ | [১.৭.৫] বাস্তবায়িত তৃতীয় শীতলক্ষা সেতু নির্মাণ প্রকল্প<br>লক্ষ্যমাত্রা- ৮০ শতাংশ (ক্রমপুঞ্জিভূত)<br>অর্জন- ৫৫.৮০ শতাংশ (ক্রমপুঞ্জিভূত) | প্রধান প্রকৌশলী জানান যে অর্থ বছরের প্রথম ও দ্বিতীয় ভাগে অগগ্রতি কম হলেও জুন'২০২০ এর মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করা করা সম্ভব হবে। | **২.৪.১ সিদ্ধান্ত**<br>জুন'২০২০ এর মধ্যে APA'র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের ৮০ শতাংশ কাজ সম্পন্ন করতে হবে।<br>**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** সওজ অধিদপ্তর |
| ২.৫ | [২.৪.১] সড়ক নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে রুজুকৃত মামলা<br>লক্ষ্যমাত্রা- ৩২০০০ টি<br>অর্জন- ৮৩৮৩ টি | বিআরটিএ'র চেয়্যারম্যান মহোদয় জানান যে নতুন সড়ক আইন কার্যকর হওয়ার মোবাইল কোর্ট এর কার্যক্রম একমাস বন্ধ থাকায় লক্ষ্যমাত্রা আশানরূপ হয়নি। তিনি আরও জানান যে জুন'২০২০ এর মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করা করা সম্ভব হবে। | **২.৫.১ সিদ্ধান্ত**<br>জুন'২০২০ এর মধ্যে APA'র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের ৩২০০০ মামলা রুজু করার লক্ষ্যে প্রয়োজনীয় মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** বিআরটিএ |
| ২.৬ | [৫.৩.২] আন্তর্জাতিক রুটে বেসরকারি বাস পরিচালনার মাধ্যমে অর্জিত রয়্যালিটি<br>লক্ষ্যমাত্রা- ৩.৬৫ কোটি<br>অর্জন- ১.০৬ কোটি | বিআরটিসি'র চেয়্যারম্যান মহোদয় জানান যে এই কর্মসম্পাদন সূচকটি'র লক্ষ্যমাত্রা | **২.৬.১ সিদ্ধান্ত**<br>চলতি অর্থ বছরের এপিএ-তে লক্ষ্যমাত্রা সংশোধনের সুযোগ |

| | | | |
|---|---|---|---|
| | | অর্জন করা সম্ভব নয়। তিনি আরও জানান যে লক্ষ্যমাত্রা নির্ধারণের ক্ষেত্রে বাস্তব অবস্থা বিবেচনা করা হয়নি। | না থাকায় আগামী অর্থ বছরের এপিএ প্রস্তুতের সময় সতর্কতা অবলম্বন করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** বিআরটিসি |
| ২.৭ | [২.৫.৩] বিআরটিএ ও ডিটিসিএ কর্তৃক আয়োজিত সভা ও সেমিনারসমূহের ১২টি পরীবীক্ষণ<br><br>লক্ষ্যমাত্রা- ১২টি<br>অর্জন- ০০ টি | অতিরিক্ত সচিব (বাজেট) জানান যে, কর্মসম্পাদন সূচকটি নতুন সংযোজন হওয়ায় এবং বিআরটিএ ও ডিটিসিএ কর্তৃক আয়োজিত সভা ও সেমিনার সমূহের সিডিউল না পাওয়ায় পরীবীক্ষণ কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয় নাই। | **২.৭.১ সিদ্ধান্ত**<br>জুন'২০২০ এর মধ্যে APA'র লক্ষ্যমাত্রা অনুযায়ী বিআরটিএ ও ডিটিসিএ কর্তৃক আয়োজিত সভা ও সেমিনারসমূহের ১২টি পরিবীক্ষণের লক্ষ্যে একটি পরিবীক্ষণ টিম গঠন করতে হবে।<br><br>**২.৭.২ সিদ্ধান্ত**<br>বিআরটিএ ও ডিটিসিএ কর্তৃক আয়োজিত সভা ও সেমিনারসমূহের সিডিউল অতিরিক্ত সচিব (বাজেট) ও এপিএ টিম প্রধান বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:**<br>(ক) অতিরিক্ত সচিব (বাজেট অনুবিভাগ) ও এপিএ টিম প্রধান।<br>(খ) |

৩. অনুচ্ছেদ ২ এ বর্ণিত কর্মসম্পাদন সূচক ব্যতীত নিজস্ব কৌশলগত উদ্দেশ্য অংশের অন্যান্য সকল সূচকের অগ্রগতি সন্তোষজনক। এছাড়া APA'র আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ অংশের অর্জনও সন্তোষজনক।

৪. ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর অর্ধ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রতিবেদন (নিজস্ব কৌশলগত উদ্দেশ্য অংশ ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য অংশ) এর উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

**৪.১ সিদ্ধান্ত:** অর্ধ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী ৭টি কর্মসম্পাদনসূচক ব্যতীত অবশিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহের অর্জন সন্তোষজনক এবং এ ধারাবাহিকতা বজায় রাখতে সংশ্লিষ্ট সংস্থা প্রধানগণ কার্যকরী উদ্যোগ গ্রহণ করবেন।

**৪.২ সিদ্ধান্ত:** উপসচিব (ডিএফডিপি) এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন এপিএএমএস সফটওয়্যারে দাখিলপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

৫. অতিরিক্ত সচিব (বাজেট) জানান যে গত ২২.০১.২০২০ তারিখ অনুষ্ঠিত এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সংক্রান্ত বিশেষজ্ঞ পুলের সভায় নিম্নবর্ণিত সুপারিশসমূহ বাজেট ব্যবস্থাপনা কমিটি'র (BMC) সভায় উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিশেষজ্ঞ পুলের সভার সুপারিশসমূহ:

১. এপিএ-তে সংযোজিত চলমান প্রকল্পসমূহের প্রকল্প পরিচালকগণের সাথে সভা আয়োজন করতে হবে;

২. মন্ত্রণালয়/বিভাগের মনিটরিং টিম কর্তৃক সড়ক বিভাগসমূহ পরিদর্শনকালে ভূমি অধিগ্রহণসংক্রান্ত জটিলতা নিরসনে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের সাথে সভা বা আলোচনা করতে হবে;

৩. সাসেক প্রকল্প (জয়দেবপুর-চন্দ্রা-টাঙ্গাইল-রংপুর) বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক মনিটরিং বৃদ্ধি করতে হবে;

৪. নতুন ডাম্পিং স্টেশন নির্মাণ/পুরাতন স্টেশন সমূহ কার্যকর রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ আবশ্যক।

৫. বিআরটিএ ও ডিটিসিএ কর্তৃক আয়োজিত সভা ও সেমিনারসমূহ পরিবীক্ষণের জন্য মন্ত্রণালয়/বিভাগ থেকে পরীবীক্ষণ কমিটি গঠন করতে হবে;

৬. বিআরটিএ, বিআরটিসি ও ডিটিসিএ কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ সেশন, সভা ও সেমিনারসমূহের সিডিউল মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করতে হবে এবং মন্ত্রণালয় কর্তৃক গঠিত পরিবীক্ষণ কমিটি তা নিয়মিত পরিবীক্ষণ করবে।

এ পর্যায়ে উপস্থাপিত সুপারিসমূহ বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**৫.১ সিদ্ধান্ত:** ২২.০১.২০২০ তারিখ অনুষ্ঠিত বিশেষজ্ঞ পুলের সভার সুপারিশসমূহ বাস্তবায়নে এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিশাখা/শাখা/মনিটরিং টিম প্রধানগণ ও আওতাধীন দপ্তর/সংস্থা'র প্রধানগণ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

**৫.২ সিদ্ধান্ত:** বিশেষজ্ঞ পুলের সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে অতিরিক্ত সচিব (বাজেট) ও এপিএ টিম প্রধান প্রয়োজনীয় সমন্বয়ন করবেন।

৬. আলোচ্যসূচি-তে আর কোন বিষয় অন্তর্ভূক্ত না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

**স্বাক্ষতির/-**
**০৫.০২.২০২০**
**মোঃ নজরুল ইসলাম**
সচিব

নং-৩৫.০০.০০০০.০৪৭.২০.০০২.১৯- ৭৮

তারিখঃ ২২ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
৫ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, আইএমইডি, শেরে বাংলানগর, ঢাকা
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা
৩. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা
৪. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
৫. অতিরিক্ত সচিব (বাজেট-৫), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
৬. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
৭. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), নগর ভবন, ঢাকা
৮. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা

চলমান পাতা/৫

৯. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা

১০. ব্যবস্থাপনা পরিচালক, Dhaka Mass Transit Company Limited (DMTCL), প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা

১১. যুগ্মসচিব (ডিটিসিএ ও এনএএস), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১২. উপসচিব (বাজেট, ডিএফডিপি, এক্সেল, কানেক্টিভিটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৪. সিনিয়র সহকারী প্রধান (জিএফআরডি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৫. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৬. জনাব.............................................................................

৫/২/২০২০

(সুলতানা ইয়াসমীন)
উপসচিব
ফোন : ৯৫৭৫৫১৪
ই- মেইল : dsdfdp@rthd.gov.bd

অনুলিপি :

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২. সচিব মহোদয়ের একান্ত সচিবড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩. অফিস কপি